
# পাঠ 6



## একটি শিক্ষাকেন্দ্রিক বিষয়

*সৃষ্টিকর্তা ঈশ্বর তাঁর লোকদের রক্ষা করেন*

## বাইবেলের গল্প

সৃষ্টিকর্তা ঈশ্বর তাঁর লোকদের রক্ষা করেন

*এমন গল্প ব্যবহার করুন যা শেখাবে সৃষ্টিকর্তা ঈশ্বর তাঁর লোকদের রক্ষা করেন*

**সুখবরের কাহিনী পুস্তক তিন**। **পৃষ্ঠা 2-27**। *দুষ্ট রাজা।*

*সুখবরের কাহিনী পুস্তক তিন থেকে* 'দুষ্ট রাজা' গল্পটি পড়তে পড়তে ছোট ছেলেমেয়েদের সঙ্গে গল্পটি নিয়ে একটি নাটক অভিনয় করুন।

**অভিনেতারা:** গল্প-কথক এবং নাটকের পরিচালক (শিক্ষক-আপনি)। দুষ্ট রাজা (ছোট ছেলেমেয়েদের মধ্যে একজন)। মোশি (ছেলেমেয়েদের মধ্যে একজন)। তিনজন যাদুকর (তিনটি ছেলেমেয়ে)।

সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দেশ্য যে ছেলেমেয়েরা গাইবে (যে সব ছেলেমেয়ে নাটকের কোন চরিত্রে অভিনয় করছে না)।

দুষ্ট রাজাকে সামনে এসে বসতে বলুন। ছেলেমেয়েদের বুঝিয়ে বলুন যে তাদের সামনে বসার এই জায়গাটি দুষ্ট রাজার প্রাসাদ। ছেলেমেয়েদের দুষ্ট রাজার প্রাসাদে ঢোকার অনুমতি নেই। হারোণ আর মোশিকে বলুন ছেলেমেয়েদের পাশে দাঁড়াতে। অতএব ছেলেমেয়েরা হারোণ আর মোশিকে দেখতে পাচ্ছে। দুষ্ট রাজার তিনজন যাদুকরকে বলুন দুষ্ট রাজার প্রাসাদে দুষ্ট রাজার পেছনে দাঁড়াতে।

এই নাটকের অভিনয়ে প্রত্যেকটি ছেলেমেয়ের একটি অংশ আছে। গল্পটি যখন পড়ছেন এবং বলছেন তখন সেই গল্পের সেই অংশে যে ছেলে বা মেয়ের অভিনয় আছে তার দিকে নির্দেশ করে তাকে পরিচালনা করুন। অভিনেতা যা করবে এবং বলবে ছেলেমেয়েরা সেগুলো দেখবে ও শুনবে। তারপর ছেলেমেয়েরাও অভিনেতা যা করল এবং বলল তাই করবে।

*উদাহরণ:* পৃষ্ঠা 2-3 এ যে গল্পটি আছে তা পড়ুন এবং বলুন। আপনার (শিক্ষক) পড়বার পর এবং 'আমি শুনতে পাচ্ছি ছেলেমেয়েরা বলছে, 'সৃষ্টিকর্তা ঈশ্বর দয়া করে আামাদের উদ্ধার করুন' বলবার পর থেমে যান এবং যে সব ছেলেমেয়েরা নাটকের মধ্যে সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দেশ্যে গান করছে তাদের দিকে নির্দেশ করুন। যে সব ছেলেমেয়েরা নাটকটিতে সৃষ্টিকর্তা ঈশ্বরের গান করছে তারা বলবে, 'সৃষ্টিকর্তা ঈশ্বর দয়া করে আমাদের উদ্ধার করুন।'

# পাঠ 6



*উদাহরণ:* পৃষ্ঠা 4-6এ যে গল্পটি আছে সেটি পড়ে পড়ে বলুন। আপনি (শিক্ষক) ‘আমি দেখতে পাচ্ছি মোশি একটি আগুনের গাছের দিকে তাকিয়ে আছে,’ পর্যন্ত পড়বার এবং বলবার পর থামবেন এবং যে ছেলেটি মোশি চরিত্রে অভিনয় করছে তার দিকে নির্দেশ করুন। যে ছেলেটি মোশির চরিত্রে অভিনয় করছে সে তখন বিস্মিতভাবে আগুনের গাছের দিকে তাকিয়ে থাকবার ভান করবে।

গল্পটি পড়া ও বলা চলতে থাকবে এবং নাটকে যে ছেলে বা মেয়েটি যে চরিত্রে অভিনয় করছে সেটা গল্পের মধ্যে যখনই আসবে তখনই পড়া থামিয়ে নির্দিষ্ট ছেলে বা মেয়েটির দিকে নির্দেশ করতে হবে। ছেলেমেয়েরা অভিনয় করে দেখাবে এবং বলবে গল্পের মধ্যে চরিত্র কি করছে এবং বলছে।

1, 2, 3 নাটকটি শুরু করুন...

গল্পটি পড়ে পড়ে বলবার পর এবং অভিনয় করবার পর গল্পটি সম্পর্কে ছেলেমেয়েদের কাছে প্রশ্ন করুন। যদি কোন ছেলে বা মেয়ে ভুল উত্তর দেয় তাকে উৎসাহ দেবার জন্য বলুন যে তার প্রচেষ্টা ভালো কিন্তু উত্তরটি আপনার আকাঙ্খিত নয়। যদি কোন ছেলে বা মেয়ে ঠিক উত্তর দেয় তাহলে তাকে বলুন যে সে খুব ভালো বলেছে! যতক্ষণ না কোন ছেলে বা মেয়ে ঠিক উত্তর দিচ্ছে ততক্ষণ একই প্রশ্ন করে যান।

## সৃষ্টিকর্তা ঈশ্বর তাঁর লোকদের রক্ষা করেন

আপনি জিজ্ঞাসা করতে পারেন এমন কতকগুলো প্রশ্ন এখানে দেওয়া হল।

**দুষ্ট রাজা কাকে ঘৃণা করে?**
যারা সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দেশে গান করে তাদের সকলকে।

**তাঁর লোকদের মুক্তি দেবার কথা বলবার জন্য সৃষ্টিকর্তা ঈশ্বর দুষ্ট রাজার কাছে কাকে পাঠিয়েছিলেন?**
মোশি এবং হারোণকে।

**হারোণকে সৃষ্টিকর্তা ঈশ্বর কি বলেছিলেন?**
তোমার হাঁটার লাঠি নীচে ফেলে দাও।


**হারোণ কি করেছিলেন?**
হারোণ তাঁর হাঁটার লাঠি নীচে ফেলে দিয়েছিলেন।

**হারোণের হাঁটার লাঠির কি হয়েছিল?**
হারোণের হাঁটার লাঠি একটা সাপে পরিণত হয়েছিল।

# পাঠ 6



**মৃত্যুর হাত থেকে নিজেদের রক্ষা করবার জন্য সৃষ্টিকর্তা তাঁর লোকদের কি করতে বলেছিলেন?**
একটি মেষশাবকের রক্ত বাড়ির দরজার খুঁটির ওপর লাগাতে বলেছিলেন।



**এই গল্পটি থেকে আমরা কি শিক্ষা পাই?**
আমরা যখন সৃষ্টিকর্তা ঈশ্বরের সঙ্গে কথা বলি তখন তিনি আমাদের কথা শোনেন। সৃষ্টিকর্তা ঈশ্বর তাঁর লোকদের রক্ষা করেন। সৃষ্টিকর্তা ঈশ্বর তাঁর লোকদের উদ্ধার করেন।

## এ্যাকশন গীত

*এমন এ্যাকশন গীত ব্যবহার করুন যা শেখায়, সৃষ্টিকর্তা ঈশ্বর তাঁর লোকদের রক্ষা করেন*

আছে বল বল অদ্ভুত কার্য বল
শোণিতে শোণিতে

আছে বল বল অদ্ভুত কার্য বল
হত মেষের শোণিতে বল।

## বিষয়কেন্দ্রিক পাঠ

*এমন বিষয়কেন্দ্রিক পাঠ ব্যবহার করুন যা শেখায়, সৃষ্টিকর্তা ঈশ্বর তাঁর লোকদের রক্ষা করেন।*

**শিক্ষণের জন্য সহায়ক উপকরণ:** একটি কম্বল যা একটি ছোট ছেলেকে পুরোপুরিভাবে ঢেকে দেবে।

তোমাদের কি সেই গল্পটা মনে আছে যে কি করে সৃষ্টিকর্তা ঈশ্বর দুষ্ট রাজার সৈন্যদের কাছ থেকে সেই লোকদের রক্ষা করেছিলেন যারা সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দেশে গান করেছিল?

আমি দেখাব সেই ব্যাপারটা কেমন। কোন একটি ছেলেকে আপনার সাহায্যকারী হতে বলুন। তাকে বলুন আপনার পাশে এসে দাঁড়াতে আর আপনাকে সাহায্য করতে।

সৃষ্টিকর্তা ঈশ্বর তাঁর লোকদের রক্ষা করেন


**'এই কম্বলটা দেখতে পাচ্ছো?'** (ছেলেমেয়েদের দেখাবার জন্য কম্বলটা তুলে ধরুন)।
ছেলেমেয়েরা উত্তর দেবে: হ্যাঁ।

তারপর কম্বলটা আপনার সাহায্যকারীর ওপর ফেলে তার পুরো দেহটা ঢেকে দিন।

আপনার সাহায্যকারীকে জিজ্ঞাসা করুন, **'কম্বলের নীচে তুমি বাতাসের স্পর্শ পাচ্ছো?'**
আপনার সাহায্যকারীর উত্তর: না।

কম্বলটা হল সৃষ্টিকর্তা ঈশ্বরের মত যিনি আমাদের রক্ষা করেন। সৃষ্টিকর্তা ঈশ্বর তাঁর ভালবাসা দিয়ে আমাদের ঢেকে রাখেন এবং মন্দ আত্মা আর অশুভ শক্তির হাত থেকে আমাদের রক্ষা করেন।

# পাঠ 6



## বাইবেলের মুখস্থ পদের খেলা

*এমন বাইবেল পদ ব্যবহার করুন যা শেখায়, সৃষ্টিকর্তা ঈশ্বর তাঁর লোকদের রক্ষা করেন*

বুঝিয়ে বলুন যে সৃষ্টিকর্তা ঈশ্বরের আর এক নাম *প্রভু।*

সৃষ্টিকর্তা ঈশ্বর তাঁর লোকদের রক্ষা করেন

**যাত্রাপুস্তক 14:14** *'তোমাদের কিছুই করতে হবে না। শুধু শান্ত হয়ে দেখে যাও কি ঘটছে। প্রভুই তোমাদের হয়ে যুদ্ধ করবেন।'*

**শিক্ষণের জন্য সহায়ক উপকরণ:** লেখবার জন্য ব্ল্যাকবোর্ড ও খড়ি, অথবা ধুলো আর কাঠি, অথবা কাগজ আর পেনসিল।

বাইবেলের মুখস্থ পদটি লিখুন এবং বলুন আর ছেলেমেয়েদের বলুন আপনি যখন লিখতে লিখতে বলতে থাকবেন তখন যেন ছেলেমেয়েরা তার পুনরাবৃত্তি করে। যদি ছেলেমেয়েরা পড়তে না শিখে থাকে তাহলে বাইবেলের মুখস্থ পদটি লেখার কোন প্রয়োজন নেই। শুধু বাইবেলের মুখস্থ পদের কথাগুলি বলুন।

**শিক্ষক: তোমাদের কিছুই করতে হবে না। ছেলেমেয়েরা:** তোমাদের কিছুই করতে হবে না। **শিক্ষক: শুধু শান্ত হয়ে দেখে যাও ছেলেমেয়েরা: শুধু শান্ত হয়ে দেখে যাও শিক্ষক:** কি ঘটছে। **ছেলেমেয়েদের: কি ঘটছে। শিক্ষক: প্রভুই তোমাদের হয়ে ছেলেমেয়েরা:** প্রভুই তোমাদের হয়ে **শিক্ষক: যুদ্ধ করবেন। ছেলেমেয়েরা:** যুদ্ধ করবেন।

এলোমেলোভাবে যে কোন তিনটি কথা মুছে ফেলুন। একটি ছেলেকে বেছে নিন যে মুছে ফেলা কথাগুলি আবার লিখে ভরে দেবে যাতে ছেলেমেয়েরা বাইবেলের মুখস্থ পদটি বলতে পারে। তিনটি আলাদা আলাদা কথা মুছে দিন। একটি মেয়েকে বেছে নিন যে মুছে দেওয়া হারানো শব্দগুলি আবার শূন্যস্থানে ভরে দেবে যাতে সবাই বাইবেলের মুখস্থ পদটি বলতে পারে।

## ব্যবহারিক প্রয়োগ

*এমনভাবে ব্যবহারিক প্রয়োগ করুন যা শেখায়, সৃষ্টিকর্তা ঈশ্বর তাঁর লোকদের রক্ষা করেন*

যখন আমরা ভয় পাই, আমরা সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দেশে গান গাইতে পারি এবং তিনি আমাদের ভয় দূর করে দেবেন। সৃষ্টিকর্তা ঈশ্বর আমাদের রক্ষা করেন বলে আমরা শান্তি পাই।

**প্রার্থনা:** সৃষ্টিকর্তা ঈশ্বর, তোমাকে ধন্যবাদ কারণ তুমি আমাকে সমস্ত মন্দ আত্মা থেকে এবং এই জগতের সমস্ত অশুভ ক্ষমতার হাত থেকে রক্ষা কর। তোমাকে ধন্যবাদ যে তুমি আমাকে ভালবাসো। আমেন।

# পাঠ 7



## একটি শিক্ষাকেন্দ্রিক বিষয়

*সৃষ্টিকর্তা ঈশ্বর আমাকে জীবন দেন*

সৃষ্টিকর্তা ঈশ্বর আমাকে জীবন দেন

## বাইবেলের গল্প

*এমন গল্প ব্যবহার করুন যা শেখায়, সৃষ্টিকর্তা ঈশ্বর আমাকে জীবন দেন*

**সুখবরের কাহিনী পুস্তক তিন। পৃষ্ঠা 28-32।** *মেষপালক বালক।*

**শিক্ষণের জন্য সহায়ক উপকরণ:** আঁকবার জন্য ব্ল্যাকবোর্ড ও খড়ি, অথবা ধুলো আর কাঠি, অথবা কাগজ আর পেনসিল। আঁকবার জন্য ছোট ছেলেমেয়েদের চাই ড্রয়িং প্যাড অথবা কাগজ, পেনসিল এবং মুছে ফেলার রবার।

গল্পটি আঁকুন ও বলুন।



1, 2, 3 গল্প শুরু করুন...

আমি এক রাখাল বালককে দেখতে পাচ্ছি। তাঁর নাম দাউদ। দাউদ অব্রাহামের পরিবারের সন্তান। অনেক বছর কেটে গেছে। রাখাল বালক দাউদ এখন রাজা।



আমি শুনতে পাচ্ছি রাজা দাউদ সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দ্যেশে গান গাইছেন।

'সৃষ্টিকর্তা ঈশ্বর, তুমিই আমার কাছে সবকিছু।
সৃষ্টিকর্তা ঈশ্বর, তুমিই আমাকে জীবন দাও।
সৃষ্টিকর্তা ঈশ্বর, তুমিই আমাকে শান্তি দাও।



সৃষ্টিকর্তা ঈশ্বর, তুমিই আমাকে উদ্ধার করো।
সৃষ্টিকর্তা ঈশ্বর, তুমিই আমাকে রক্ষা করো।
সৃষ্টিকর্তা ঈশ্বর, তুমিই আমাকে ভালোবাসো।
সৃষ্টিকর্তা ঈশ্বর, তুমিই আমার সঙ্গে চিরকাল এবং সর্বদা থাকো।'



আমি শুনতে পাচ্ছি সৃষ্টিকর্তা ঈশ্বর রাজা দাউদকে বলছেন,
'তোমার পরিবারের মাধ্যমে আমি সকলকে চিরকাল এবং সর্বদা উদ্ধার করব।'


সৃষ্টিকর্তা ঈশ্বর আসছেন।

**ছেলেমেয়েদের বলুন গল্পটির একটি ছবি আঁকতে।**

# পাঠ 7







## এ্যাকশন গীত

*এমন এ্যাকশন গীত ব্যবহার করুন যা শেখায়, সৃষ্টিকর্তা ঈশ্বর আমাকে জীবন দেন*

সৃষ্টিকর্তা ঈশ্বর তোমারে ধন্যবাদ কারণ পাখিরা গায় গান

সৃষ্টিকর্তা ঈশ্বর তোমারে ধন্যবাদ সব কিছুরই তরে।

সৃষ্টিকর্তা ঈশ্বর তোমারে ধন্যবাদ কারণ জীবন তুমি দাও

সৃষ্টিকর্তা ঈশ্বর তোমারই জন্য আমি বাঁচি

সৃষ্টিকর্তা ঈশ্বর তোমারে ধন্যবাদ কারণ তারারা দীপ্তি দেয়

সৃষ্টিকর্তা ঈশ্বর তোমারে ধন্যবাদ তুমি সদা আমার।

## বিষয়কেন্দ্রিক পাঠ

*এমন বিষয় ব্যবহার করুন যা শেখায়, সৃষ্টিকর্তা ঈশ্বর আমাকে জীবন দেন*

সৃষ্টিকর্তা ঈশ্বর আমাকে জীবন দেন

**শিক্ষণের জন্য সহায়ক উপকরণ:** বেলুন।

একটি হাওয়াশূন্য চ্যাপ্টা বেলুন মাটিতে ফেলে দিন। ছেলেমেয়েদের বলুন, 'দেখতে পাচ্ছো এই বেলুনটার মধ্যে কোন হাওয়া নেই? এটা নড়তে পারে না, কিছু করতে পারে না। এখন দেখ।'

বেলুনটাতে হাওয়া ভরে ফুলিয়ে দিন আর বেলুনটার মুখে একটা গিঁট বেঁধে দিন যাতে হাওয়া বেরিয়ে যেতে না পারে। ছেলেমেয়েদের বলুন, 'দেখ আমি বেলুনটার মধ্যে কেমন শ্বাস ভরে দিলাম, এখন বেলুনটা নড়ছে এবং নাচছে। যখন সৃষ্টিকর্তা ঈশ্বর প্রথম পুরুষ ও নারী সৃষ্টি করেছিলেন তখন তিনিও তাঁর জীবনের শ্বাস তাদের মধ্যে ভরে দিয়েছিলেন এবং তারা জীবন্ত হয়ে উঠেছিল। সৃষ্টিকর্তা ঈশ্বর আমাদের জীবন দেন।

## বাইবেলের মুখস্থ পদের খেলা

*এমন বাইবেলের পদ ব্যবহার করুন যা শেখায়, সৃষ্টিকর্তা ঈশ্বর আমাকে জীবন দেন*

ছেলেমেয়েদের বোঝান যে সৃষ্টিকর্তা ঈশ্বরের আর এক নাম হল *প্রভু।*

# পাঠ 7

**গীতসংহিতা 23:6** *‘তোমার ধার্ম্মিকতা এবং ক্ষমা (সৃষ্টিকর্তা ঈশ্বর) আজীবন আমার সঙ্গে থাকবে। এবং আমি প্রভুর মন্দিরে দীর্ঘ সময় ধরে বসে থাকবো।’*

## বিনা শব্দের প্রতিযোগিতা

ছেলেমেয়েদের নিয়ে দুটো দল করুন। প্রথম দলকে একজন নেতা বেছে নিতে বলুন। প্রথম দলের নেতা দল থেকে বেরিয়ে সামনে আসবে। ‘তোমার ধার্ম্মিকতা এবং ক্ষমা (সৃষ্টিকর্তা ঈশ্বর) আজীবন আমার সঙ্গে থাকবে।’ –বাইবেলের মুখস্থ পদের এই প্রথম অংশটি প্রথম দলের নেতাকে বলুন। অন্য কোন ছেলেমেয়েকে এটা শোনার সুযোগ দেবেন না। প্রথম দলের নেতাকে বলুন বাইবেলের মুখস্থ পদটি নিয়ে একটি নাটক করে দেখাতে (কোন কথা না বলে)। প্রথম দলের ছেলেমেয়েরা পদের বাক্যটি অনুমান করতে চেষ্টা করবে।

কিছু সময়ের পরেও যদি প্রথম দলটি বাক্যটি অনুমান করতে না পারে তাহলে দ্বিতীয় দলের ছেলেমেয়েদের বলুন অনুমান করবার চেষ্টা করতে। কিছু সময়ের পরে যদি দ্বিতীয় দলটিও বাক্যটি অনুমান করতে না পারে তাহলে ছেলেমেয়েদের যাতে অনুমান করতে সুবিধে হয় তার জন্য কয়েকটি সূত্র দিন।

ছেলেমেয়েদের বাক্যটি বলে দেবার পর অথবা তারা ঠিকমত অনুমান করবার পর দ্বিতীয় দলের নেতা দল থেকে বেরিয়ে সামনে আসবে। দ্বিতীয় দলের নেতাকে ‘এবং আমি প্রভুর মন্দিরে (সৃষ্টিকর্তা ঈশ্বর) দীর্ঘ সময় ধরে বসে থাকব।’ –বাইবেলের মুখস্থ পদের এই দ্বিতীয় অংশটি বলুন। অন্য ছেলেমেয়েরা যেন শুনতে না পায়। দ্বিতীয় দলের নেতাকে বলুন বাইবেলের মুখস্থ পদটি নাটক করে দেখাতে (কোন কথা না বলে)। দ্বিতীয় দলের ছেলেমেয়েরা পদের বাক্যটি অনুমান করতে চেষ্টা করবে।

যদি কিছু সময় পরেও দ্বিতীয় দলটি বাক্যটি অনুমান করতে না পারে তাহলে প্রথম দলকে বলুন অনুমান করবার চেষ্টা করতে। কিছু সময় পরে প্রথম দলটিও অনুমান করতে না পারলে ছেলেমেয়েরা যাতে অনুমান করতে পারে তার জন্য তাদের কিছু সূত্র দিয়ে সাহায্য করুন।

সৃষ্টিকর্তা ঈশ্বর আমাকে জীবন দেন

বাক্যটি আপনি বলে দেবার পর অথবা ছেলেমেয়েরা ঠিকমত অনুমান করবার পর ছেলেমেয়েদের বলুন বাইবেলের মুখস্থ পদটি বলতে।

## ব্যবহারিক প্রয়োগ

### *এমন ব্যবহারিক প্রয়োগ করুন যা শেখায়, সৃষ্টিকর্তা ঈশ্বর আমাকে জীবন দেন*

সৃষ্টিকর্তা ঈশ্বর আমাদের জীবন দেন। আমরা শুধুমাত্র তাঁর উদ্দেশে গান গাই কারণ তিনি আমাদের জীবন দেন

**প্রার্থনা:** আমাকে ভালবাসবার জন্য এবং আমার মধ্যে প্রাণবায়ু ভরে দেবার জন্য, সৃষ্টিকর্তা ঈশ্বর তোমাকে ধন্যবাদ। তোমাকে ধন্যবাদ যে তোমার ধার্মিকতা এবং তোমার ক্ষমাশীলতা আমার সঙ্গে চিরকালের জন্য এবং চিরদিনের জন্য থাকবে। আমেন।

**পুরস্কার:** প্রতিটি ছেলেমেয়েকে তার সুখবরের কাহিনী পুস্তক তিন এর অনুলিপি দিন। প্রতিটি ছেলেমেয়েকে সুখবরের কাহিনী পুস্তক তিন পড়তে সাহায্য করুন।